

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
হজ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং- ১৬.০০.০০০০.০০৩.১৮.০০৫.১৭-১০৬৯

তারিখ : ০৯/০৭/২০১৭খ্রিঃ

বিষয় : ২০১৭ খ্রি. সনের বেসরকারি হজযাত্রীদের গাইড নিবন্ধন কার্য সম্পাদনের লক্ষ্যে অর্থ জমা প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বেসরকারি ব্যবস্থাপনায় ২০১৭ (১৪৩৮ হিজরী) খ্রিঃ সনে হজযাত্রী প্রেরণকারী হজ এজেন্সির মনোনীত সরকার কর্তৃক নির্ধারিত সংখ্যক গাইডদের (যারা প্রাক-নিবন্ধিত হননি) নিবন্ধন কার্য সম্পাদনের লক্ষ্যে ১০,৪০১/- (দশ হাজার চারশত এক) টাকা আগামী ১১/০৭/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে সোনালী ব্যাংক লিঃ, লোকাল অফিস, ঢাকা এর হিসাব নং-০০০০২৩৩০৭৪৫৪৬ জমা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। এছাড়াও নিবন্ধনের জন্য এককালীন হজযাত্রী প্রতি ন্যূনতম ১,২৪,৭২৩.২১ (এক লক্ষ চব্বিশ হাজার সাতশত তেইশ টাকা একুশ পঁয়সা) টাকা বিমান ভাড়া ও অন্যান্য খরচ এজেন্সির স্ব-স্ব ব্যাংক একাউন্টে (নির্ধারিত ২৪টি ব্যাংকে) জমা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। হজযাত্রীর বিমানভাড়া বাবদ জমাকৃত অর্থ বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ/সৌদি এয়ারবিয়ান এয়ারলাইন্স এর অনুকূলে প্রেরণ ছাড়া কোন এজেন্সি বা অন্য কোন প্রতিষ্ঠানকে প্রদান করা যাবে না।

০২। বিষয়টি জরুরী।



(মো: আবুল হাসান)  
সিনিয়র সহকারী সচিব (হজ-১)  
ফোন : ৯৫৮৪৩২২।  
[morahajsection@gmail.com](mailto:morahajsection@gmail.com)


মহা-ব্যবস্থাপক,  
সোনালী ব্যাংক লিঃ  
স্থানীয় কার্যালয় শাখা  
মতিঝিল, ঢাকা।

নং- ১৬.০০.০০০০.০০৩.১৮.০০৫.১৭-১০৬৯

তারিখ : ০৯/০৭/২০১৭খ্রিঃ

অনুলিপি : প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

- ১। পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা। সংশ্লিষ্ট ব্যাংকে টাকা জমার রশিদ প্রাপ্তি সাপেক্ষে বেসরকারি এজেন্সির গাইডদের নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, ..... ব্যাংক লিঃ, ঢাকা।
- ৩। সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ৩০, নয়া পল্টন, ঢাকা (সংশ্লিষ্ট সকল এজেন্সিকে এ বিষয়ে অবহিতকরণের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ, কাওরান বাজার, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ ও সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)।
- ৫। স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক..... (২০১৭ খ্রি. সনে হজ কার্যক্রম পরিচালনাকারী ৬৩৫ টি হজ এজেন্সি। তাকে পত্রের বর্ণনা অনুযায়ী অর্থ আগামী ১১/০৭/২০১৭ খ্রি. তারিখের মধ্যে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।



(মো: আবুল হাসান)  
সিনিয়র সহকারী সচিব (হজ-১)